

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স - ১৫৯২

আগরতলা, ১০ সেপ্টেম্বর, ২০১৯

পুরাতন আগরতলা ব্লকের কৃষমালা মধ্যে “আমার তহশীল”
- নাগরিক পরিষেবা কর্মসূচি ১২ সেপ্টেম্বর

জিরানীয়া মহকুমা প্রশাসনের উদ্যোগে আগামী ১২ সেপ্টেম্বর পুরাতন আগরতলা ব্লকের কৃষমালা মধ্যে “আমার তহশীল”-নাগরিক পরিষেবা কর্মসূচির আয়োজন করা হয়েছে। ঐদিন সকাল ৯টায় এই কর্মসূচি শুরু হবে। অনুষ্ঠানে সংশ্লিষ্ট ব্লকের উত্তর চাম্পামুড়া ও খয়েরপুর তহশীল কাছারীর অন্তর্গত জনগণকে রাজস্ব ও জমি সংক্রান্ত বিভিন্ন পরিষেবা প্রদান করা হবে। সেই সঙ্গে জন্ম ও মৃত্যু, পি আর টি সি, ইনকাম, এস টি, এস সি, ও বি সি, আধার, বিবাহ নিবন্ধীকরণ ইত্যাদি সার্টিফিকেটের জন্য আবেদনপত্র গ্রহণ করা হবে। বিধায়ক রতন চক্রবর্তী এই কর্মসূচির উদ্বোধন করবেন। উপস্থিত থাকবেন পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ড. সন্দীপ এন মাহাত্মে। জিরানীয়া মহকুমা শাসকের কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।
